গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
ত্রাণ ও পুনর্বাসন শাখা
www.munshiganj.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.৪২.০২৫.২৩.৫৬৮

তারিখ: ৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচীর আওতায় (৩য় পর্যায়) নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দের বিপরীতে টংগীবাড়ী উপজেলায় গৃহীত প্রকল্পের অনুকূলে নগদ অর্থ ও খাদ্যশস্য চাল উপ-বরাদ্দ প্রদান**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০৭৫.২২.২১১, তারিখ : ১৮/০৬/২০২৩ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টংগীবাড়ী এর পত্র নং ৫১.০১.৫৯৯৪.০০০.০৪.০০৫.২৩.২৬১,তারিখঃ ১৯/০৬/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০১ নং পত্রের প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচী (৩য় পর্যায়) এর আওতায় মুন্সিগঞ্জ-২ নির্বাচনী এলাকার অনুকূলে ২৫,০০,০০০/- টাকা এবং ৫৫.০০০ মে.টন চাল বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ হতে সূত্রোক্ত ০২ নং পত্রে প্রাপ্ত মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত নিম্নোক্ত ছকে উল্লিখিত প্রকল্পের পার্শ্বে বর্ণিত পরিমাণ নগদ অর্থ এবং খাদ্যশস্য চাল নিম্নলিখিত শর্ত মোতাবেক টংগীবাড়ী উপজেলায় উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | প্রকল্পের নাম | বরাদ্দের **পরিমাণ** |
|---|---|---|---|---|
| ০১ | বেতকা | ০৬ | চাঙ্গুরী ৬নং ওয়ার্ডের প্রধান সড়ক হতে দপ্তরী বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট। | ১০.০০০ মে.টন চাল |
| | | | মোট= | ১০.০০০ (দশ দশমিক শূন্য শূন্য শূন্য ) মে.টন চাল |
| ০২ | আব্দুল্লাপুর | ০৮ | দক্ষিণ পাইকপাড়া শাহনাজের বাড়ী হতে পান্নু মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট। | ৫,০০,০০০/- |
| ০৩ | বেতকা | ০৭ | রান্ধুনীবাড়ী প্রধান সড়কের মসজিদ হতে সিরাজুল ইসলামের বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাটসহ আরসিসি ঢালাই করণ। | ২,০০,০০০/- |
| ০৪ | বেতকা | ০২ | বেতকা বাজার হতে উত্তর বেতকা সরকারী মেডিকেল পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ২,০০,০০০/- |
| ০৫ | দিঘীরপাড় | ০৩ | দিঘীরপাড় বেহেরপাড়া আশ্রয়ণ হতে চর বেহেরপাড়া পর্যন্ত সংযোগ রাস্তা নির্মাণ(বাকী অংশ) | ২,০০,০০০/- |
| ০৬ | কাঠাদিয়া শিমুলিয়া | ০৫ | পশ্চিম আলদী গ্রামের মোশারফ দেওয়ানের বাড়ী সংলগ্ন পুকুর ভরাট করে ইউনিয়ন পরিষদে যাওয়ার রাস্তা নির্মাণ। | ২,০০,০০০/- |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | কাঠাদিয়া শিমুলিয়া | ০৮ | রব হালদারের বাড়ী রহমান শেখের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। | ২,০০,০০০/- |
| ০৮ | আউটশাহী | ০৪ | সেকান্দার চেয়ারম্যানের কবরস্থানে ভিতরের রাস্তা আরসিসি ঢালাই করণ। | ২,০০,০০০/- |
| মোট= | | | | ১৭,০০,০০০/- (সতের লক্ষ) টাকা |

শর্তাবলী:

০১। ২০২২-২০২৩ অর্থ বছরে ৩য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ বাস্তবায়ন আগামী ৩০/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। প্রকল্পের অনুকূলে অর্থ/খাদ্যশস্য ছাড় করার পূর্বে আবশ্যিকভাবে প্রি-ওয়ার্ক মেজারমেন্ট গ্রহণ করে প্রাক্কলন ছক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

০৩। এ কর্মসূচীর নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৪। এ ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (অর্থ) এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) খাত হতে নির্বাহ করা হবে।

০৫। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলকভাবে করতে হবে। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে ও ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করে রাখতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

০৮। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু করতে হবে। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান করতে হবে।

০৯। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের সাথে পরামর্শক্রমে তালগাছের চাররোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে।

১০। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত নগদ অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে।

১১। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন অত্রাফিসের ত্রাণ শাখায় এবং চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরপ্রেরণ করতে হবে।

১২। নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১৩। উপ-বরাদ্দ পত্রসহ প্রকল্প তালিকা উপজেলা তথ্য বাতায়নে আপলোড করতে হবে।

২১-০৬-২০২৩
কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

CamScanner

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,টংগীবাড়ী,মুন্সীগঞ্জ।

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.৪২.০২৫.২৩.৫৬৮/১ (৯)

তারিখ: ৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;
৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ;
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,মুন্সিগঞ্জ;
৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টংগীবাড়ী, মুন্সীগঞ্জ;
৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, টংগীবাড়ী, মুন্সীগঞ্জ;
৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টংগীবাড়ী, মুন্সীগঞ্জ;
৮। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সিগঞ্জ (উপ-বরাদ্দ পত্রটি জেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ) এবং
৯। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টংগিবাড়ী, মুন্সিগঞ্জ (উপ-বরাদ্দ পত্রটি উপজেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)।

২১-০৬-২০২৩
কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক

CamScanner